www.xtrapapers.com

UNIVERSITY OF CAMBRIDGE INTERNATIONAL EXAMINATIONS
General Certificate of Education Ordinary Level

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension **May/June 2012**

**1 hour 30 minutes**

Additional Materials: Answer Booklet/Paper

*2010478976*

**READ THESE INSTRUCTIONS FIRST**

If you have been given an Answer Booklet, follow the instructions on the front cover of the Booklet.
Write your Centre number, candidate number and name on all the work you hand in.
Write in dark blue or black pen.
Do not use staples, paper clips, highlighters, glue or correction fluid.

Answer **all** questions.

At the end of the examination, fasten all your work securely together.
The number of marks is given in brackets [ ] at the end of each question or part question.

This document consists of **9** printed pages and **3** blank pages.

DC (NF/LEO) 52228/2
© UCLES 2012
UNIVERSITY of CAMBRIDGE International Examinations

www.xtrapapers.com



## Section A
## বিভাগ ক

**A1 Separation/Combination of Words**
সন্ধিবিচ্ছেদ / সন্ধি
*নিচে দেওয়া শব্দগুলোর সন্ধিবিচ্ছেদ কর। তোমার উত্তর প্রদত্ত উত্তরপত্রে লেখ।* [10]

1 স্বেচ্ছা
2 সঞ্চয়
3 শীতার্ত
4 বাগদান
5 দুর্লভ

**A2 Idioms, Proverbs and Words in Pairs** [10]
বাগধারা, প্রবচন, জোড়া শব্দ

*নিচের বাক্যগুলোতে একটি করে শূন্যস্থান দেওয়া আছে। শূন্যস্থানগুলো পূরণের জন্য নিচে দেওয়া উপযুক্ত বাগধারা, প্রবচন/জোড়া শব্দটি বেছে উত্তরপত্রে লেখ।*

6 বিদেশি গাড়িতে কত কর ছাড় দেবে তা জানা এই সাধারণ কর্মীদের কাছে ________ নেওয়ার মতো।

7 এ কাজের জন্য তোমার এতটা আগ্রহ অথচ সেটা আগে জানালে না, ________ নিয়ে থাকলে চলে?

8 বিনা দোষে তাকে বরখাস্ত করে এখন বড় সাহেবের সান্ত্বনা দেওয়াটা ________ করার সামিল।

9 এ ব্যাপারে ________ বিবেচনা করে তবেই সিদ্ধান্ত নাও, নয়তো পরে পস্তাবে।

10 বিদেশে যাওয়ার আশায় এত ভালো কাজটা ছাড়লে অথচ যাওয়া আর হল না, ________ আর কি!

(1) গরু মেরে জুতো দান
(2) পেটে খিদে মুখে লাজ
(3) মশা মারতে কামান দাগা
(4) আদার বেপারীর জাহাজের খবর
(5) ভালো-মন্দ
(6) গাঁয়ে মানে না আপনি মোড়ল
(7) সুখে থাকতে ভূতে কিলায়
(8) সোজা আঙুলে ঘি ওঠে না
(9) আকাশ-কুসুম
(10) গাছে কাঁঠাল গোঁফে তেল

www.xtrapapers.com



**A3 Sentence Transformation** [10]
বাক্য রূপান্তর

*নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে উপযুক্ত শব্দের সাহায্যে পূরণ করে তোমার উত্তরপত্রে সম্পূর্ণ বাক্যটি এমনভাবে লেখ যেন উপরের বাক্যটির অর্থ বদলে না যায়।*

11 তাঁর গুণের কথা এ শহরে কে না জানে?
তাঁর ______________________________ ।

12 শৈশবে ফেলে আসা রসুলপুর গ্রামটি আজও আমার কাছে বিস্মৃত নয়।
______________________________ আছে।

13 স্কুল বাসটা ধরতে না পারায় অগত্যা তাকে হাঁটতেই হল ।
______________________________ ছিল না।

14 শিক্ষক বললেন, "আগামি সপ্তাহে স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা।"
শিক্ষক ______________________________ ।

15 অনুষ্ঠানটির সাফল্যের পিছনে ছাত্রদের ভূমিকা অনস্বীকার্য।

অনুষ্ঠানটির ______________________________ ।

www.xtrapapers.com



## A4 Cloze Passage [20]

ক্লোজ পরিচ্ছেদ

*এই অনুচ্ছেদটিতে শূন্যস্থানগুলো পূরণের জন্য নিচে কতগুলো শব্দ দেওয়া হয়েছে। প্রত্যেকটি শূন্যস্থান পূরণের জন্য এর মধ্যে থেকে উপযুক্ত শব্দটি বেছে উত্তরপত্রে লেখ।*

বাংলাদেশের একেবারে দক্ষিণে অবস্থিত অকৃত্রিম ঢেউ বিলাসের এক চিরন্তন ঠিকানা হচ্ছে কক্সবাজার সমুদ্র সৈকত। এখানে মিলবে শুধুই __16__ আকাশ আর ভালো লাগার হাতছানি। নীল সাগরের সম্মোহ প্রেমে __17__ যাওয়ার ইন্ধন। কক্সবাজার শহর থেকে সৈকতগামী রাস্তার __18__ রয়েছে বর্মীদের হাতে গড়া শৌখিন, ঝিনুকশোভিত __19__ মনোহারী দোকান, স্থানীয় রেস্তোরাঁ আর __20__ ভাড়ার অনেক বোর্ডিং। সৈকত ঘেঁষে অবশ্য বেশকিছু __21__ মোটেলও গড়ে উঠেছে, এদের ব্যবসা __22__ বিদেশী পর্যটকদেরকে ঘিরেই। মাইলের পর মাইল হেঁটেও যেন __23__ হতে চায় না এই চকচকে __24__ সোনালি সৈকত । এর ধারেই রয়েছে সবুজ, সুন্দর, পরিপাটি ঝাউগাছের __25__ । গ্রীষ্মের ঝাঁঝালো দুপুরে এসব ঝাউগাছের নিচে সুশীতল মৃদুমন্দ হাওয়ায় মনপ্রাণ জুড়ানোর মতো প্রাকৃতিক শীতাতপ নিয়ন্ত্রিত পরিবেশের স্বাদটাও পাওয়া যায় বৈকি!

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (1) | ভাড়া | (6) | মূলত | (11) | ভেসে |
| (2) | বালুকাময় | (7) | স্বল্প | (12) | শক্ত |
| (3) | নিচে | (8) | সারি | (13) | দু'ধারে |
| (4) | মেঘমুক্ত | (9) | উড়ে | (14) | শেষ |
| (5) | রকমারি | (10) | বিলাসবহুল | (15) | সবুজ |

www.xtrapapers.com



**BLANK PAGE**

**TURN OVER FOR SECTION B**

www.xtrapapers.com



## Section B
## বিভাগ খ

*অনুচ্ছেদটি ভালভাবে পড়ে নিচে দেওয়া প্রশ্নগুলোর উত্তর দাও।*

### শহুরে বাগান

বিশ্বব্যাপী পরিবেশ দূষণ, নিত্যপ্রয়োজনীয় খাদ্যদ্রব্যের অভাব ও অস্বাভাবিক মূল্যবৃদ্ধি মোকাবেলা করার লক্ষ্যে শহুরে চাষাবাদ ইউরোপ ও আমেরিকায় বেশ জনপ্রিয়তা পাচ্ছে। আগে শহরের বাসিন্দারা তাদের নিত্য প্রয়োজনীয় খাদ্য কমবেশি স্থানীয়ভাবেই উৎপাদন করত, কিন্তু শিল্পবিপ্লবের পরে খামার থেকে খাবার থালার দূরত্ব বেড়েই চলেছে। আমরা কী খাবার খাচ্ছি, এটা কোথা থেকে এসেছে সে নিয়ে আমাদের সচেতনতা বেড়েছে। খাবারের মাধ্যমে আজকাল নানান রোগব্যাধিও একস্থান থেকে অন্যস্থানে পরিবাহিত হওয়ার আশংকায় সচেতন ক্রেতারা গুরুত্ব আরোপ করছেন স্থানীয়ভাবে উৎপাদিত স্বাস্থ্যকর খাবার খাওয়ার ব্যাপারে। ব্যস্ত নিউ ইয়র্কের সুউচ্চ অট্টালিকা শোভিত নগর সভ্যতার সঙ্গে সমানতালে গজিয়ে উঠছে শত শত ছোট-বড় সবজী বাগান। আমেরিকায় নগরকেন্দ্রিক কৃষি বিপ্লবের ক্ষেত্রে নিউ ইয়র্কের ভূমিকা অন্যতম। কয়েকজন স্বেচ্ছাসেবী কর্মী সানফ্রান্সিসকো সিটি হলের সামনের খোলা মাঠটিকে সম্প্রতি একটি অর্থকরী সবজী বাগানে রূপান্তরিত করেছেন।

শহরে চাষাবাদ করতে গেলে বিশ্বের উষ্ণতা, বিদেশী জ্বালানীর উপর নির্ভরশীলতা, প্যাকেটে তৈরী করা খাবারের সহজলভ্যতা, পরিশ্রমসাধ্য কাজের প্রতি অনীহা, প্রতিবেশীদের সঙ্গে মনোমালিন্য - ইত্যাদি কত কিছুই না বিবেচনা করতে হয়। আমেরিকায় প্রায় প্রতিটি খাদ্য অনেকখানি পথ অতিক্রম করে তবেই খাবার টেবিলে আসে। আর এই পরিবহনের পুরো খরচটা বহন করতে হয় ক্রেতাদেরকেই।

একটা পরিত্যক্ত এলাকাকে ফলন্ত বাগানে রূপান্তরিত করতে পারলে শহরে পরিবেশ দূষণ রোধ করা ছাড়াও নগরবাসীদের কিছু বাড়তি আয়ের পথ সুগম হয়। ফিলাডেলফিয়ার শহরতলীতে ২০০৬ সালে এক প্রকল্পে একটা ছোট জমিতে চাষাবাদ করে প্রচুর পরিমাণে শাক-সবজী উৎপাদনের মাধ্যমে প্রায় ৬৭০০০ মার্কিন ডলার আয় হয়েছে। মিলুয়াকী শহরে এক একর জমি জুড়ে প্রতিষ্ঠা করা হয়েছে বেশ কিছু গ্রীন হাউস, মাছ চাষের পুকুর আর মুরগির খামার, যার বার্ষিক আয় প্রায় সোয়া দু'লক্ষ ডলার। এই চাষাবাদের ফলে মরসুমী ও নিয়মিত ফসল বিপণনের মাধ্যমে সামাজিক সৌহার্দ্য গড়ে ওঠে।

স্বল্প জায়গায় লাভজনকভাবে আকর্ষণীয় নানান শাক-সবজী চাষের উপযোগী বীজকে সুলভে নগরবাসীদের কাছে পৌঁছে দিতে শহুরে নার্সারি ব্যবসায়ীরা উদ্যোগী হয়েছেন। কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের জনৈক অধ্যাপক নগরবাসীর প্রয়োজনের অতিরিক্ত শাক-সবজী ফলানোর ব্যাপারে গুরুত্ব আরোপ করেছেন। তাঁরই উদ্যোগে তৈরী লাস ভেগাস শহরে একুশতলা আকাশচুম্বী এক মৃত্তিকাবিহীন উল্লম্ব উদ্যান যা থেকে সারা বছর ধরে উৎপাদন হচ্ছে ৫৮৮ একর জমির সমপরিমাণ ফসল। এছাড়াও ব্যক্তিগত কিংবা পারিবারিক উদ্যোগে ফ্ল্যাটের ব্যালকনিতে, সুউচ্চ দালানের ছাদে, এমনকি প্রশস্ত জানালার ফোকরে এক চিলতে জায়গায় এই মৃত্তিকাবিহীন চাষ ক্রমশ জনপ্রিয়তা পাচ্ছে ব্যস্ত নগরীতে। আমাদের এই ঢাকা, কলকাতার মতো বড় বড় শহরে নিত্য-নতুন গজিয়ে ওঠা ফ্ল্যাটগুলোতেও এই পদ্ধতিতে চাষাবাদের মাধ্যমে নগরবাসীরা তরতাজা শাক-সবজীর প্রকৃত স্বাদ পাবে সেদিন আর বেশি দূরে নয়।

www.xtrapapers.com



**B5 MCQ Comprehension** [14]

বোধজ্ঞানের বহুবিকল্প প্রশ্ন

*প্রত্যেক প্রশ্নের চারটি করে উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরের সংখ্যাটি বেছে উত্তরপত্রে লেখ।*

**26** প্রথম অনুচ্ছেদ অনুসারে শহুরে চাষাবাদ ক্রমশ বেড়ে চলেছে, কারণ

(1) নিউ ইয়র্ক শহরে কৃষিবিপ্লব শুরু হয়েছে।
(2) শহরের লোকজন ভিনদেশের খাবারের স্বাদ আর পছন্দ করছে না।
(3) খাবারটা কীভাবে এবং কোথায় উৎপাদিত, তা সহজেই জানা যায়।
(4) চারপাশের পরিবেশের সৌন্দর্য বৃদ্ধি পায়।

**27** এই নিবন্ধে শহুরে চাষাবাদের কী কী সুবিধার কথা উল্লেখ করা হয়েছে?

(1) পরিবেশ দূষণরোধ, সামাজিক সম্প্রীতি রক্ষা ও সহজে বাড়তি আয়ের ব্যবস্থা হচ্ছে।
(2) পরিবেশ দূষণরোধ, প্রক্রিয়াজাত খাবারের মূল্য হ্রাস ও পরিত্যক্ত এলাকায় চাষাবাদ হচ্ছে।
(3) প্রক্রিয়াজাত খাবারের মূল্য হ্রাস, সামাজিক সম্প্রীতি রক্ষা ও সহজে বাড়তি আয়ের ব্যবস্থা হচ্ছে।
(4) বিদেশি জ্বালানি-নির্ভরতা, সামাজিক সম্প্রীতি রক্ষা ও সহজে বাড়তি আয়ের ব্যবস্থা হচ্ছে।

**28** শহরে চাষাবাদ করতে গেলে কোন কোন অসুবিধার কথা এখানে উল্লেখ করা হয়েছে?

(1) শহরে খোলা জায়গা কমে যায় ও পরিবেশ দূষিত হয়।
(2) আমদানীকৃত জ্বালানির উপর নির্ভরতা ও প্রক্রিয়াজাত খাবারের মূল্য বেড়ে যায়।
(3) প্রক্রিয়াজাত খাবারের মূল্য ও পৃথিবীর তাপমাত্রা বেড়ে যায়।
(4) নগরবাসীরা পরিশ্রম করতে চায় না এবং প্রতিবেশির সঙ্গে বিবাদের আশংকা থাকে।

**29** দ্বিতীয় ও তৃতীয় অনুচ্ছেদ অনুযায়ী কোন তথ্যটি **ভুল**?

(1) অধিকাংশ খাদ্যদ্রব্য অনেক দূর থেকে আসে বলে বেশি দামে কিনতে হয়।
(2) শুধুমাত্র নির্দিষ্ট কয়েকটি পরিত্যক্ত এলাকায় ফল ও শাক-সবজীর চাষ হয়।
(3) শহরে কৃষিপণ্য উৎপাদনের ফলে সামাজিক আদান-প্রদানের পথ সুগম হয়।
(4) এই সবজী চাষ অর্থনৈতিকভাবে লাভজনক ও পরিবেশের জন্য উপকারী।

www.xtrapapers.com



30 শহুরে চাষাবাদকে বাজারজাত করার লক্ষ্যে কিছু প্রতিষ্ঠান ______

(1) সীমিত সংখ্যক শাক-সবজী চাষ করছে।
(2) স্বল্প জায়গায় উৎপাদনের উপযোগী বীজ বিক্রি করছে।
(3) সীমিত সংখ্যক শাক-সবজী বিক্রি করছে।
(4) স্বল্প পরিসরে উৎপাদনের উপযোগী বীজ বিনামূল্যে বিতরণ করছে।

31 কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের জনৈক অধ্যাপকের ইচ্ছা ______

(1) নগরবাসী তাদের প্রয়োজনীয় খাদ্যদ্রব্য নিজেরাই উৎপাদন করবে।
(2) নগরবাসী তাদের চাহিদার অতিরিক্ত খাদ্য বিক্রি করে দেবে।
(3) শহরে একুশটি উল্লম্ব উদ্যান তৈরি করা হবে।
(4) ৫৮৮ একর জমির উপর একুশটি উল্লম্ব উদ্যান তৈরি করা হবে।

32 লেখকের মতে শহুরে বাগান করা সম্ভব ______

(1) শুধুমাত্র ইউরোপ, আমেরিকার কিছু কিছু শহরে।
(2) শুধুমাত্র ইউরোপের বিভিন্ন শহরে।
(3) পৃথিবীর যেকোনো শহরেই।
(4) পাশ্চাত্য দেশের বিভিন্ন শহরে।

www.xtrapapers.com



**BLANK PAGE**

**TURN OVER FOR SECTION C**

© UCLES 2012

www.xtrapapers.com



## Section C
## বিভাগ গ

*নিচে দেওয়া নিবন্ধটি ভালভাবে পড়ে প্রশ্নগুলোর উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখ।*

### টেলিভিশনের ভূমিকা

নিত্যনতুন প্রযুক্তির কল্যাণে আজকাল চোখের সামনেই ছেয়ে যাচ্ছে ঝাঁ-চকচকে অত্যাধুনিক ইলেক্ট্রনিক সামগ্রী। অন্যান্য প্রতিদ্বন্দ্বীদের সঙ্গে দামের ক্ষেত্রে কখনও বা ব্যয়বহুল এবং তুলনামূলকভাবে ওজনে ভারী এবং আকারে বড়সড় হলেও ক্রমপরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে চলা এবং একই সময়ে বিনোদনের সুযোগ দেওয়ার ব্যাপারে টেলিভিশন অদ্বিতীয়। পৃথিবীর হতদরিদ্র অঞ্চল থেকে শুরু করে নামীদামী শহরের কেন্দ্রস্থলে টিভির উপস্থিতি ও গুরুত্ব ব্যাপক। উন্নয়নশীল দেশগুলিতে ১৯৯৫ সালে প্রায় ৪৫ শতাংশ বাড়িতে টিভি ছিল, ২০০৫ সালে তা বেড়ে দাঁড়িয়েছে ৬৫ শতাংশ। আফগানিস্তানে একসময় প্রতি পাঁচটি বাড়িপিছু একটা টিভি ছিল, এখন আরও বেড়েছে। ধারণা করা হচ্ছে ২০১৩ সালে সারা বিশ্বে এই সংখ্যা সহজেই বেড়ে দুই-তৃতীয়াংশ বাড়ি ছাড়িয়ে যাবে। যদিও এই পরিসংখ্যান আমেরিকার তুলনায় বেশ পিছিয়ে, সেখানে মানুষের থেকে টিভির সংখ্যা অনেক বেশি।

উন্নয়নশীল দেশগুলিতে মহিলাদের জীবনের মোড় ঘুরিয়ে দিতে টেলিভিশনের ভূমিকা উল্লেখযোগ্য। এর প্রভাবে এখন মহিলারা স্বামীর অনুমতি ছাড়াই বাজারে যাওয়ার এবং শিশু প্রতিপালনের পাশাপাশি সংসারের অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার মতো সাহস অর্জন করতে পারছেন। সফল ও জনপ্রিয় মহিলাদেরকে টিভিতে দেখে মেয়ের পরিবর্তে ছেলে সন্তান চাওয়ার মতো পক্ষপাতিত্ব সহজেই দূর করতে পারছেন। আর্থিকভাবে স্বনির্ভর হওয়ার মতো আত্মবিশ্বাস অর্জন করতে পারছেন। এমনকি নিজেদের ন্যায্য অধিকারের ব্যাপারে যথেষ্ট সচেতন হয়েছেন যদিও পুরুষ-শাসিত পরিবারে তা মোটেই সহজসাধ্য নয়।

বয়স্কশিক্ষার ক্ষেত্রেও টিভির ভূমিকা অনস্বীকার্য। এক সমীক্ষায় দেখা গেছে গুজরাটের এক প্রত্যন্ত অঞ্চলে বলিউডের জনপ্রিয় নাচগানের উপর ভিত্তি করে সম্প্রচারিত সাপ্তাহিক 'চিত্রগীতি' প্রচণ্ড জনপ্রিয়তা পেয়েছে। এখানকার প্রাপ্তবয়স্ক নিয়মিত দর্শকরা তাদের আঞ্চলিক ভাষায় অনূদিত লেখাগুলো পড়তে পারার মতো দক্ষতা অর্জন করেছে। আধুনিক জীবনযাত্রা সহজ করার জন্য নিত্যনতুন যেসব ভোগ্যপণ্য আবিষ্কার হচ্ছে টিভি সে তথ্য চোখের সামনে তুলে ধরে। ছোটদের ক্ষেত্রেও টিভির মাধ্যমে শিক্ষা অনেক সহজবোধ্য এবং আনন্দদায়ক বলে এর ব্যবহার ক্রমশ বাড়ছে।

এই টেলিভিশনের কু-প্রভাবগুলোও চোখে পড়ার মতো। একনাগাড়ে টেলিভিশন দেখতে গিয়ে নিজেদেরকে সামাজিকভাবে বিচ্ছিন্ন করা আর হিংসাত্মক ঘটনা বেড়ে যাওয়া ছাড়াও দৈহিক স্থূলতা একটা জাতীয় সমস্যা হয়ে দাঁড়াচ্ছে। যদিও সামাজিকতার অভাবে আমাদের মূল্যবোধ ক্ষয় হচ্ছে, কিন্তু এসব সত্ত্বেও এই শক্তিশালী মাধ্যমের ইতিবাচক প্রভাবটাই বিশ্বের কোটি কোটি মানুষের মধ্যে বেশ প্রকট। ইউটিউব আর ভিডিও ক্যামেরার ব্যাপক ব্যবহারের পাশাপাশি ভ্রাম্যমান টিভির সংখ্যা যে হারে বেড়ে চলেছে তা টেলিভিশনের ক্রমবর্ধমান জনপ্রিয়তার জ্বলন্ত প্রমাণ।

এই প্রচণ্ড শক্তিশালী মাধ্যমের কল্যাণে আমাদের জীবনযাত্রার গুণগত মান ক্রমশ উন্নত হচ্ছে আর দর্শকদের আত্মসচেতনতাও বাড়ছে। নিজেদের পরিবার থেকে শুরু করে সমাজের বিভিন্ন স্তরে সাম্যতা আনতে এর ভূমিকা অনস্বীকার্য।

www.xtrapapers.com



**C6 OE Comprehension** [36]

*বোধজ্ঞানের মুক্ত প্রশ্ন*

*এখন বাংলায় যথাসম্ভব তোমার নিজের ভাষায় নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।*

33 অন্যান্য ইলেক্ট্রনিক সামগ্রীর সঙ্গে টেলিভিশনের তফাৎ কোথায় চারটি উদাহরণসহ লেখ।

34 টেলিভিশনের জনপ্রিয়তা যে প্রতিনিয়ত বেড়ে চলেছে তা বোঝানোর জন্য চারটি বিষয় উল্লেখ কর।

35 উন্নয়নশীল দেশে "মহিলাদের জীবনের মোড় ঘুরিয়ে দেওয়া" বলতে কী বোঝানো হয়েছে তা চারটি উদাহরণসহ বিশ্লেষণ কর।

36 গ্রামাঞ্চলে বিনোদনের মাধ্যমে টেলিভিশন কীভাবে শিক্ষাদান করছে, চারটি উদাহরণসহ লেখ।

37 অতিরিক্ত টেলিভিশন দেখার ফল হিসেবে চারটি ক্ষতিকর দিক বর্ণনা কর।

38 লেখক যে টেলিভিশনের সপক্ষে এই নিবন্ধে তা কীভাবে প্রমাণিত হয় চারটি উদাহরণসহ তোমার নিজের ভাষায় ব্যাখ্যা কর।

**C7 Vocabulary** [10]

*শব্দার্থ*

*উপরের অনুচ্ছেদ থেকে নেওয়া নিচের শব্দগুলোর অর্থ লেখ।*

39 অদ্বিতীয়

40 স্বনির্ভর

41 অনূদিত

42 ক্রমবর্ধমান

43 প্রচণ্ড

**End of Paper**

www.xtrapapers.com



**BLANK PAGE**

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

University of Cambridge International Examinations is part of the Cambridge Assessment Group. Cambridge Assessment is the brand name of University of Cambridge Local Examinations Syndicate (UCLES), which is itself a department of the University of Cambridge.

© UCLES 2012